

দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়
ঢাকা
প্রেস বিজ্ঞপ্তি

স্মারক নং-দুদক/জনসংযোগ/

তারিখ: ২৯/৩/২০১৬ খ্রি:


বিষয় : দুর্নীতি প্রতিরোধ সপ্তাহ-২০১৬ উদ্বোধন উপলক্ষে র্যালি ও মানববন্ধন।

'দেশ প্রেমের শপথ দিন, দুর্নীতিকে বিদায় দিন' এ প্রতিপাদ্যকে সামনে রেখে শুরু হওয়া দুর্নীতি প্রতিরোধ সপ্তাহ-২০১৬ এর চতুর্থ দিনে আজ সকাল ১০ টায় দুর্নীতি দমন কমিশনের প্রধান কার্যালয় হতে কমিশনের মাননীয় চেয়ারম্যান ইকবাল মাহমুদ এর নেতৃত্বে দুর্নীতি বিরোধী বর্নাচ্য র্যালি বের হয়। রতিন প্র্যাকার্ড, ফেস্টুন, ব্যানার নিয়ে কমিশনের সকলস্তরের কর্মকর্তা-কর্মচারী, দুদকের প্যানেল আইনজীবী, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দসহ র্যালিটি কমিশনের প্রধান কার্যালয় হতে শুরু হয়ে কাকরাইল মোড়- বিজয়নগর-পল্টন হয়ে প্রেসক্লাবের সামনে মানববন্ধন করে। মানববন্ধনে উপস্থিত গণমাধ্যম কর্মীদের উদ্দেশ্যে মাননীয় চেয়ারম্যান ইকবাল মাহমুদ বলেন, আমরা র্যালি করছি মূলত: দেশের সর্বস্তরের মানুষকে দুর্নীতিবিরোধী অভিযানে সচেতন করার জন্য। শুধু ঢাকা নয় দেশের প্রতিটি নগর, মহানগর, জেলা ও উপজেলা পর্যায়ে এ জাতীয় কর্মসূচি পালন করা হচ্ছে। এ সকল কর্মসূচির মাধ্যমে দুর্নীতির খারাপ দিকগুলো তুলে ধরা হচ্ছে। আমরা চাই সামাজিক আন্দোলনের মাধ্যমে দুর্নীতিকে কমাতে বা নির্মূল করতে। তিনি এক্ষেত্রে সাংবাদিকবৃন্দ তথা তরুণ প্রজন্মের সাংবাদিকবৃন্দকে এগিয়ে আসার আহ্বান জানান।

তিনি বলেন, দুর্নীতির করালগ্রাস থেকে দেশকে মুক্তি দিতে হবে। দুর্নীতি দমন কমিশন মানুষকে কষ্ট দেওয়ার জন্য সৃষ্টি হয়নি।

বাংলাদেশ ব্যাংকের অর্থ লোপাট সংক্রান্ত সাংবাদিকগণের এক প্রশ্নের জবাবে দুদক চেয়ারম্যান বলেন, মানিলন্ডারিং সংশ্লিষ্ট একটি আইন ২০১৫ সালে সংশোধিত হয়েছে। সেখানে ভাগ করে দেওয়া হয়েছে, কোন সংস্থা কোন কোন কাজ করবে। আমরা আইন অনুযায়ী আমাদের কার্যক্রম পরিচালনা করবো।

র্যালিতে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন কমিশনের সচিব আবু মো: মোস্তফা কামাল, মহাপরিচালক যথাক্রমে ড. মো: শামসুল আরেফিন, ফরিদ আহমেদ ভূঁইয়া, মো: সহিদুজ্জামানসহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।



29.03.16

(প্রবব কুমার ভট্টাচার্য্য)

উপ-পরিচালক

ও

জনসংযোগ কর্মকর্তা